প্রত্যাবাসনই রোহিঙ্গা সংকটের মূল সমাধান: প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস বলেছেন, মিয়ানমারের রাখাইন রাজ্যে নিজ দেশে রোহিঙ্গাদের প্রত্যাবাসনই এই সংকটের কার্যকর ও স্থায়ী সমাধান। তিনি জাতিসংঘের শরণার্থী সংস্থা ইউএনএইচসিআরের সক্রিয় ভূমিকা অব্যাহত রাখার আহ্বান জানান।

গতকাল বুধবার (২৯ জানুয়ারি) রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় ইউএনএইচসিআরের নতুন কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ আইভো ফ্রেইজেনের সঙ্গে সাক্ষাতে এই বার্তা দেন তিনি।

প্রধান উপদেষ্টা বলেন, সমস্যার মূল মিয়ানমারে, তাই সমাধানও সেখান থেকেই আসতে হবে। শরণার্থী শিবিরে প্রযুক্তি সচেতন হতাশ ও ক্ষুব্ধ তরুণ প্রজন্ম বেড়ে উঠছে, যা উদ্বেগের বিষয়। আমাদের লক্ষ্য তাদের শান্তি ও মর্যাদার সঙ্গে নিজ ভূমিতে ফিরিয়ে দেওয়া।

ড. ইউনূস আরও উল্লেখ করেন, শিবিরে দীর্ঘদিন থাকা কোনো সমাধান নয় এবং এতে উত্তেজনা বাড়ছে। তাই আন্তর্জাতিক সহযোগিতার মাধ্যমে নিরাপদ প্রত্যাবাসন নিশ্চিত করার তাগিদ দেন তিনি। বৈঠকে কক্সবাজার শিবিরে তহবিলের ঘাটতি, ভাসানচরের পরিস্থিতি এবং দেশের আসন্ন নির্বাচন নিয়েও আলোচনা হয়।

LENS ASIA